ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd



স্মারক নং-ইআবি/রেজি/নিয়োগ/শিক্ষক/২০২৬/১৩৩৮

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি শিক্ষক নিয়োগের লক্ষ্যে পদসমূহের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা
১.	**সহযোগী অধ্যাপক** আরবি ভাষা ও সাহিত্য- ১টি গ্রেড-০৪	০১ টি
২.	**প্রভাষক** বাংলা-১টি, ইংরেজি-১টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১টি, আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ-১টি, আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ-১টি, ইসলামিক স্টাডিজ-১টি, অর্থনীতি-১টি, উদ্ভিদ বিজ্ঞান-১টি, কম্পিউটার ও তথ্য প্রযুক্তি বিজ্ঞান-১টি গ্রেড-৯	০৯ টি

প্রতিটি পদে আবেদন করার জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম ও নিয়োগের শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.iau.edu.bd)** হতে সংগ্রহ করা যাবে। আগ্রহী প্রার্থীদের পৃথক আবেদনপত্রের সাথে নির্ধারিত তথ্যছক পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ বরাবর আগামী ১৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত) পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৯.১০.২৬

(প্রফেসর ড.এ.কে.মুহা: নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/নিয়োগ/শিক্ষক/২০২৬/১৩৩৯

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি শিক্ষক নিয়োগের লক্ষ্যে পদসমূহের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**সহযোগী অধ্যাপক** আরবি ভাষা ও সাহিত্য-১টি গ্রেড-০৪	০১ টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ সিজিপিএ বা প্রথম শ্রেণি থাকতে হবে; (খ) এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের যেকোনো একটি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ জিপিএ বা প্রথম বিভাগ থাকতে হবে; (গ) সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের (অনার্স বা মাস্টার্স পর্যায়ে) শিক্ষকতার অভিজ্ঞতাসহ ৮ (আট) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী হতে হবে: (ঙ) বিদেশি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে; এবং (চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। (ছ) শিক্ষা জীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২.	**প্রভাষক** আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ-১টি, আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ-১টি, ইসলামিক স্টাডিজ-১টি গ্রেড-৯	০৩ টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলামিক স্টাডিজ অথবা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ সিজিপিএ বা প্রথম শ্রেণি থাকতে হবে; এবং (খ) এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের যেকোনো একটি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ জিপিএ বা প্রথম বিভাগ থাকতে হবে; (গ) এম.ফিল বা পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। (ঘ) শিক্ষা জীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
৩.	**প্রভাষক** বাংলা-১টি, ইংরেজি-১টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১টি, অর্থনীতি-১টি উদ্ভিদ বিজ্ঞান-১টি, গ্রেড-৯	০৫ টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ সিজিপিএ বা প্রথম শ্রেণি থাকতে হবে; এবং (খ) এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের যেকোনো একটি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ জিপিএ বা প্রথম বিভাগ থাকতে হবে; (গ) এম.ফিল বা পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। (গ) শিক্ষা জীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

ক্রম.	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৪.	**প্রভাষক** কম্পিউটার ও তথ্য প্রযুক্তি বিজ্ঞান-১টি গ্রেড-৯	০১ টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ সিজিপিএ বা প্রথম শ্রেণি থাকতে হবে; এবং (খ) এস.এস.সি ও এইচ.এস.সি বা সমমানের যেকোনো একটি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ জিপিএ বা প্রথম বিভাগ থাকতে হবে; (গ) এম.ফিল বা পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। (ঘ) শিক্ষা জীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলী:

১. সকল পদের জন্য আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীট এবং অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, নাগরিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে জমা দিতে হবে। (প্রয়োজনীয় কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করা যাবে);

২. আবেদন ফরম পূরণ করে ডাকযোগে/সরাসরি আগামী ১৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত) ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১ ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে আবেদনপত্র কোনভাবেই গ্রহণ করা হবে না;

৩. 'রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়' অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকা এর অনুকুলে অগ্রণী ব্যাংক-এর যে কোন শাখা হতে উল্লিখিত পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে;

৪. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে;

৫. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান/নির্দেশনা অনুসরণ করা হবে;

৬. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সংযুক্ত (২৫×১১ সেঃমিঃ/১০×৪.৫ ইঞ্চি সাইজ) দু'টি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে;

৭. চাকরিরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে;

৮. প্রার্থীদের পরীক্ষা/নির্বাচনী বোর্ডের তারিখ ও সময় ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত জানানো হবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

৯. নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

১০. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/বিশেষ চাহিদা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে জমা দিতে হবে;

১১. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর নিয়োগ কার্যক্রম চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময় প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১২. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;



১৩. কর্তৃপক্ষ কোনো ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল অথবা নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/সংশোধন ও পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন;

১৪. যেকোনো তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৯.১০.২৫

(প্রফেসর ড.এ.কে.মুহা: নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com